



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড, রাজস্ব ভবন
প্লট-এফ ১/এ, আগারগাঁও
শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭
www.nbr.gov.bd



গণবিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক বাস্তবায়নধীন প্রকল্পের আওতায় Bangladesh Single Window (BSW) System ইতোমধ্যে কার্যকর করা হয়েছে। BSW মূলত একটি অনলাইন প্ল্যাটফর্ম, যা ব্যবহার করে একজন আমদানিকারক-রপ্তানিকারক পণ্য খালাসের জন্য প্রয়োজ্য সব ধরনের সার্টিফিকেট, লাইসেন্স ও পারমিট (CLP) এর জন্য অনলাইনে আবেদন করে স্বয়ংক্রিয়ভাবে CLP সংগ্রহ করতে পারবেন। CLP গ্রহণের পূর্বে Business Identification Number (BIN) ব্যবহার করে BSW সিস্টেমে (Website: bswnbr.gov.bd) নিবন্ধন করতে হবে। এ সিস্টেম ব্যবহারের ফলে আমদানি-রপ্তানি কার্যক্রমে যে সুবিধা সমূহ পাওয়া যাবে সেগুলো হলো:

- একটি কমন প্ল্যাটফর্মে আমদানি-রপ্তানি পণ্যের জন্য প্রয়োজ্য সার্টিফিকেট, লাইসেন্স এবং পারমিট সংক্রান্ত সকল কার্যক্রম সংশ্লিষ্ট সকল সংস্থা কর্তৃক যুগপৎভাবে অনলাইনে সম্পন্ন করা হবে;
- সরকারী কাজে ব্যক্তিগত যোগাযোগ (হিউম্যান ইন্টারেকশন) না থাকায় স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত হবে;
- পণ্য আমদানি-রপ্তানির ক্ষেত্রে সময় ও ব্যয় হ্রাস পাবে;
- দেশি-বিদেশী ব্যবসায়ীদের মধ্যে আস্থা সৃষ্টির মাধ্যমে বিনিয়োগ ও বাণিজ্যের প্রসার ঘটবে।

০২। প্রাথমিক পর্যায়ে সার্টিফিকেট, লাইসেন্স ও পারমিট ইস্যুকারী ১৯টি সংস্থার মধ্যে নিম্নবর্ণিত ৭টি সংস্থার ক্ষেত্রে গত ০২ জানুয়ারি ২০২৫ খ্রি. তারিখে সরাসরি BSW সিস্টেমের মাধ্যমে CLP এর আবেদন দাখিল ও ইস্যু করার কার্যক্রম শুরু করা হয়েছে:

১. গুণস্বপ্ন প্রশাসন অধিদপ্তর (DGDA);
২. বিস্ফোরক পরিদপ্তর (DoEX);
৩. রপ্তানি উন্নয়ন ব্যুরো (EPB);
৪. বাংলাদেশ জাতীয় কর্তৃপক্ষ, রাসায়নিক অস্ত্র কনভেনশন (BNACWC);
৫. বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ (BEZA);
৬. বাংলাদেশ রপ্তানি প্রক্রিয়াকরণ অঞ্চল কর্তৃপক্ষ (BEPZA); এবং
৭. পরিবেশ অধিদপ্তর (DoE)।

০৩। জাতীয় রাজস্ব বোর্ডের পরিপত্র নং: ১(৩৩) NSW প্রকল্প/মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ/২০১৮/২৪১৮, তারিখ: ১৪ জানুয়ারি ২০২৫ অনুযায়ী, ৩১ জানুয়ারি ২০২৫ খ্রি. তারিখের পর হতে আমদানি ও রপ্তানি পণ্যচালান শুদ্ধায়নের ক্ষেত্রে উক্ত ০৭টি সংস্থা কর্তৃক ইস্যুকৃত সার্টিফিকেট, লাইসেন্স ও পারমিট BSW সিস্টেমের মাধ্যমে দাখিল বাধ্যতামূলক করা হলো। উল্লিখিত তারিখের পর কোন ধরনের ম্যানুয়াল সার্টিফিকেট, লাইসেন্স ও পারমিট গ্রহণ করা হবে না। আমদানি-রপ্তানি বাণিজ্যে যুক্ত সকল অংশীজনকে Bangladesh Single Window বাস্তবায়নে সহযোগিতা করার জন্য অনুরোধ জানানো হলো।

[জুয়েল আহমেদ]

প্রকল্প পরিচালক
ন্যাশনাল সিঙ্গেল উইন্ডো প্রকল্প



Call Center
16139

